

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.২৭.০২১.১৯-১১৫৫

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯

১২ অক্টোবর ২০২২


বিষয়: ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অঞ্চল-২ এর অবসরপ্রাপ্ত রেভিনিউ সুপার ভাইজার-এর বিরুদ্ধে বিজ্ঞ আদালতে দাখিলকৃত চার্জশীট গৃহীত হওয়ার তথ্য।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫২১.২৭.০০২.২২.৬৯৫, তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অঞ্চল-২ এর অবসরপ্রাপ্ত রেভিনিউ সুপার ভাইজার-এর বিরুদ্ধে রমনা মডেল (ডিএমপি) খানার ২৯/১০/২০১৭ তারিখের ৬৩নং মামলায় তদন্ত শেষে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬(২)ও ২৭(১) ধারাসহ মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২এর ৪(২)(৩) ধারা এবং দন্ডবিধির ১০৯ ধারায় দুদক, সজেকা, ঢাকা-১এর চার্জশীট নং-২৪, তারিখ: ১৫/০৩/২০২২ খ্রি. দাখিল করা হয়। বিজ্ঞ মহানগর সিনিয়র স্পেশাল জজ আদালত, ঢাকা কর্তৃক গত ১৪/০৭/২০২২ খ্রি. তারিখে চার্জশীট আমলে গৃহীত হয় এবং আসামী পলাতক রয়েছে। ৩১/০৮/২০২২ তারিখ E/R (Execution Report of the warrant of arrest issued against absconding accuse) এর জন্য ধার্য ছিল মর্মে দুর্নীতি দমন কমিশন হতে মন্ত্রিপরিষদ বিভাগে জানানো হয়। বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত পত্রে অনুরোধ করা হয়েছে।

০২। বর্ণিত বিষয়ে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



১২-১০-২০২২

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

ইমেইল: lgcc1@lgd.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.২৭.০২১.১৯-১১৫৫/১(৬)

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯

১২ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ২) অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) মেয়রের একান্ত সচিব, মেয়রের দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৬) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ



১২-১০-২০২২

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব